

## পর্যটনে ৩১০০ কোটি ডলার বিনিয়োগ করবে ওমান

- A Monitor Desk Report

Date: 06 March, 2024



উপসাগরীয় অঞ্চলের চাঙ্গা পর্যটন খাতে নিজেদের হিস্যা নিশ্চিত করতে এগিয়ে এসেছে ওমান। ২০৪০ সালের মধ্যে এ খাতে দেশটির বিনিয়োগ দাঁড়াবে ৩১ বিলিয়ন বা ৩ হাজার ১০০ কোটি ডলার।

সম্প্রতি আইটিবি বার্লিন ট্রাভেল এক্সিবিশনে এ তথ্য নিশ্চিত করেন ওমানের পর্যটন মন্ত্রণালয়ের কর্মকর্তা আজান কাসিম আল বুসাইদি। তিনি জানান, ২০২৩ সালে ওমান রেকর্ড ৪০ লাখ দর্শনার্থী পেয়েছে, যা আগের বছরের তুলনায় ৩৮ শতাংশ বেশি। ২০২২ সালে দেশটিতে পর্যটক ছিল ২৯ লাখ।

-B